

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
 শিল্প মন্ত্রণালয়
 ৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
 www.npo.gov.bd

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ২৩তম সভার কার্যবিবরণী

সভাপতি : জাকিয়া সুলতানা
 সচিব, শিল্প মন্ত্রণালয়
 তারিখ : ২৩ জুন, ২০২১ খ্রি.
 সময় : সকাল ১১.০০ টা
 স্থান : ভার্চুয়াল সভা
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এনপিও পরিচালক ও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিব জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার সভায় কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|--|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | গত ২৫ এপ্রিল, ২০২১ খ্রি.তারিখে অনুষ্ঠিত ২২তম সভার কার্য-বিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত পোষণ করেন। | বিগত ২২তম সভার কার্যবিবরণীটি দৃঢ় করা হয়। | |
| ২ | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | সভায় জানানো হয় যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় হতে জিও জারি করা হয়েছে এবং এনপিও'র খসড়া নিয়োগ বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ বিধি পরীক্ষণ সংক্রান্ত উপ-কমিটির বিবেচনার জন্য প্রেরণ করা হয়েছে। সভাপতি এনপিও'র নিয়োগবিধি কতদিন পূর্বে পাঠানো হয়েছে বিষয়টি পরিচালক এনপিও'র কাছে জানতে চান। এ প্রেক্ষিতে স্থানীয় প্রশিক্ষণ ও এনপিও শাখার উপ সচিব মিঞ্জ নিলুফার জেসমিন জানান এনপিও খসড়া নিয়োগবিধির উপর শীঘ্রই পরীক্ষণ সংক্রান্ত উপ-কমিটির সভা আহবান করা হবে মর্মে জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছেন। এনপিও'র পরিচালক সভাকে জানান এনপিও'র কার্যালয়ে মহাপরিচালক পদে পদায়ন করা হয়েছে এবং এ অধিদপ্তরে ০২ টি পরিচালক পদে পদোন্নতি বা সরাসরি পদায়ন করা হবে। সভাপতি এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্তকরণসহ অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য এনপিও পরিচালককে পরামর্শ প্রদান করেন। | এনপিও'র অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক এনপিও |
| ৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | পরিচালক সভাকে অবহিত করেন যে, গত ০৩ জানুয়ারি ২০২১ তারিখে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণ সংক্রান্ত মামলাটি কার্য তালিকায় অন্তর্ভুক্ত করলে মহামান্য বিচারক নিয়মিত কোর্ট শুরুর পর শুনানির জন্য Cause List এ অন্তর্ভুক্ত করার নির্দেশ দেন এবং কোভিড-১৯ এর কারণে ভার্চুয়াল কোর্টে মামলাটির শুনানির কার্যক্রম বন্ধ আছে। এছাড়াও প্রকল্পটির মেয়াদ (০২) দুই বছর বৃদ্ধি করার প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। তিনি সভাকে আরো জানান যে, এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের জন্য মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের জনগুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর মামলা সংক্রান্ত তথ্যের নির্ধারিত ছক পূরণ করে আইন শাখা, শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি মামলাটি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির জন্য পুনরায় অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে যোগাযোগ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি এনপিও পরিচালককে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি অনলাইন বা ফেইস টু ফেইস কোর্ট শুরু হলে Cause List অন্তর্ভুক্ত করাসহ অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন। | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (আইন) শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক এনপিও (গ) রেজিস্ট্রার ডিপিডি (ঘ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন |

| | | | | |
|---|--|---|---|---|
| ৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্পের ফলোআপ সংক্রান্ত | এনপিও কর্তৃক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে ২০২০-২০২১ অর্থ বছরে ০৬টি সেমিনার কর্মসূচি (নরসিংদী, কিশোরগঞ্জ, জামালপুর, যশোর, খুলনা, নড়াইল) জেলায় পরিচালনা করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভায় জানান। পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের সেমিনারসমূহে জেলা পর্যায়ের সরকারি ও বেসরকারি উচ্চ পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন ট্রেড বডির সদস্যবৃন্দ, মিডিয়াকর্মী ও স্থানীয় জন প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এছাড়াও প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর ২য় সভা গত ১৩ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং সর্বমোট প্রকল্প বরাদ্দ ১০০১.৯৬ লক্ষ টাকা। (দশ কোটি এক লক্ষ ছিয়ানব্বই হাজার) সভাপতি, "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির গৃহীত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নসহ উৎপাদনশীলতা উন্নয়নে আরো নতুন নতুন দিকনির্দেশনা অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | (ক) পরিকল্পনা অনুবিভাগ প্রশাসন শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক এনপিও |
| ৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | সভায় জানানো হয় যে, ২০২১ সালের এপিও'র প্রজেক্ট নোটিফিকেশন অনুযায়ী এনপিও'র ০১ টি এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ০২টি Technical Expert Service (TES) সেবা গ্রহণের প্রস্তাব এপিওতে প্রেরণ করা হয়েছে। সভাপতি এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর সহায়তায় প্রতিষ্ঠান পর্যায়ের স্বল্প ব্যয়ে TES সেবা গ্রহণ এবং আধুনিক কলাকৌশল লব্ধ জ্ঞানের ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে শিল্প ও সেবা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। | বর্তমান অর্থবছরে ন্যূনতম ০৩টি Technical Expert Service (TES) সেবা প্রদানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেম্বোরভাম অফ আন্ডারস্টিমুলেটিং স্বাক্ষর | এনপিও কর্তৃক বিভিন্ন ট্রেডবডির সাথে MoU স্বাক্ষর সংক্রান্তে এনপিও'র পরিচালক জানান, উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদানুযায়ী নতুন প্রতিষ্ঠানসমূহের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আলোচনা চলমান রয়েছে; উৎপাদনশীলতা উন্নয়নকে বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক ০৮টি অ্যাসোসিয়েশনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। উক্ত অ্যাসোসিয়েশনগুলোর সদস্যভুক্ত ০১টি প্রতিষ্ঠানে পাইলট প্রকল্প বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদানুযায়ী বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি এর সদস্য প্রতিষ্ঠান ইনডেস্ট্রি এক্সেসরিস লিঃ এবং ডিডব্লিউসিসিআই এর সদস্য প্রতিষ্ঠান আলফা এগ্রো লিঃ এ উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে পাইলট প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে; এবং এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নের জন্য ০৬ (ছয়) জন উর্ধ্বতন গবেষণা কর্মকর্তাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার দায়িত্ব প্রদান করা হয়েছে। তদানুযায়ী সমঝোতা স্মারক স্বাক্ষরিত ০৮টি ট্রেডবডির সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে এবং ফলোআপ অব্যাহত আছে মর্মে পরিচালক, এনপিও জানান। সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে জোরদার করার জন্য উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণসহ ট্রেডবডির সাথে মত বিনিময় সভা করার উপর গুরুত্বারোপ করেন। | (ক) উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ অব্যাহত রাখতে হবে। (খ) এনপিও কর্তৃক MoU স্বাক্ষরিত হয়েছে এমন কমপক্ষে একটি প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়নে পাইলট প্রকল্পের কার্যক্রম গ্রহণ করতে হবে। (গ) এনপিও কর্তৃক এ যাবৎ স্বাক্ষরিত সমঝোতা স্মারকসমূহের কর্মকান্ড যথাযথ বাস্তবায়নের করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | পরিচালক, এনপিও সভায় জানান, উৎপাদনশীলতা বিষয়ক Contentটি অন্তর্ভুক্তির জন্য চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর সাথে যোগাযোগ করা হয়েছে। সে প্রেক্ষিতে এনসিটিবি'র কার্যালয়ে প্রফেসর মশিউজ্জামান সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করা হয়েছে। তিনি জানান যে, এনসিটিবি শিক্ষা কারিকুলামে নতুন বিষয় অন্তর্ভুক্তির জন্য একটি গ্রহণযোগ্য প্রক্রিয়া অনুসরণ করে। বর্তমানে প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়নের কাজ চলমান রয়েছে। যা ২০২২ সাল থেকে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে উৎপাদনশীলতা বিষয়টি প্রাধান্য পাবে যা একটি ক্রসকাটিং ইস্যু হিসেবে ১ম হতে ১০ম শ্রেণীর জীবন ও জীবিকা শিখনক্ষেত্রে আওতাভুক্ত হবে। সভায় এ বিষয়ে গত ১৫ জুন, ২০২১ তারিখে এনসিটিবি হতে পত্র পাওয়া গেছে মর্মে জানান। | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামের ২০২২ শিক্ষাবর্ষে উৎপাদনশীলতা বিষয়ক Contentটি অন্তর্ভুক্তির জন্য এনসিটিবি এর কার্যালয় এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কার্যালয়ে এর সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক এনপিও |

| | | | | |
|---|--|---|--|---|
| | | সভাপতি এনপিও'র প্রস্তুতকৃত উৎপাদনশীলতা বিষয়ক Contentটি কারিগরি শিক্ষা কারিকুলামে অগ্রাধিকার ভিত্তিতে সহজে অন্তর্ভুক্তির জন্য এনসিটিবি এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন। | | |
| ৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন | <p>Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।</p> <p>ক) বাংলাদেশ ন্যাশনাল প্রোডাক্টিভিটি মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য একটি খসড়া Action Plan তৈরি করা হয়েছে। এ বিষয়ে মতামত প্রদানের জন্য গত এপ্রিলে এপিওতে খসড়া Action Plan প্রেরণ করা হয়েছে।</p> <p>খ) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত খসড়া Action Plan এর উপর শিল্পমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা হবে।</p> <p>গ) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030টি সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। সরকারের মিশন ও ভিশন বাস্তবায়নে যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের সাথে সমন্বয় করার লক্ষ্যে এপিও, জাপান হতে বিশেষজ্ঞ (Expert & Consultant) এর মতামত ও পরামর্শ সেবা গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে।</p> <p>এপিও কর্তৃক প্রণয়নকৃত Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 কিভাবে বাস্তবায়ন করা হবে, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদন করা হয়েছে কিনা এবং এ বিষয়ে এনপিও'র গৃহীত কার্যক্রম যথাযথভাবে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা সে বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর জিজ্ঞাসার প্রেক্ষিতে পরিচালক এনপিও জানান, এপিও কর্তৃক প্রণয়নকৃত Bangladesh National Productivity Master Planটি মাননীয় শিল্পমন্ত্রী ও প্রতিমন্ত্রীর উপস্থিতিতে গত ২২ জুলাই ২০১৯ তারিখে এপিও কর্তৃক শিল্প মন্ত্রণালয়ে হস্তান্তর করা হয়েছে।</p> <p>তিনি Bangladesh National Productivity Master Planটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে শীঘ্রই মাননীয় শিল্প মন্ত্রীর উপস্থিতিতে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।</p> <p>সভাপতি Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত খসড়া Action Plan এর উপর একটি আন্তঃ মন্ত্রণালয় সভা দ্রুত আহবান করার উপর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য এনপিও পরিচালককে নির্দেশনা প্রদান করেন।</p> | <p>Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত খসড়া Action Plan উপর মতামত সংগ্রহের পর একটি আন্তঃ মন্ত্রণালয় সভা আহবান করতে হবে।</p> | <p>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়</p> <p>(খ) পরিচালক এনপিও</p> |
| ৯ | ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদান করা | <p>ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত বিষয়সমূহের কার্যক্রম গ্রহণ করা হয় মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান।</p> <p>ক) এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক গত ১৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকায় ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড-২০১৯ এর সনদপত্র ও ট্রফি বিতরণ করা হয়েছে।</p> <p>খ) এনপিও'র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২০ বিষয়ক ০৮টি বিভাগের কর্মশালা আয়োজনের উদ্যোগ করা হয়েছিল। গত ১৫ মার্চ, ২০২১ তারিখে বরিশাল বিভাগে ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ বিষয়ক ০১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতির কারণে অন্যান্য কর্মশালাগুলো বাস্তবায়ন করা সম্ভব হয়নি।</p> | <p>এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ যথাসময়ে প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> | <p>পরিচালক, এনপিও</p> |

২০২০

(Signature)

| | | | | |
|----|---|---|--|---|
| | | <p>গ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এন্সিউরেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ এর আবেদন ফরম বিতরণের জন্য গত ১৮/০২/২০২১ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। অ্যাওয়ার্ড ২০২০ এর আবেদন ফরম বিতরণ ও জমা প্রদানের শেষ তারিখ ছিল গত ২৯ এপ্রিল, ২০২১। কিন্তু করোনা ভাইরাস (কোভিড-১৯) বিদ্যমান থাকার কারণে অ্যাওয়ার্ড ২০২০ আবেদন ফরম বিতরণ ও জমা প্রদানের সময় আগামী ৩০ জুন, ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এছাড়াও গত ১৭ জুন-২০২১ তারিখে আবেদন ফরম পূরণ বিষয়ক একটি ওরিয়েন্টেশন কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে।</p> <p>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এন্সিউরেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ যথাসময়ে প্রদানের কার্যক্রম গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।</p> | | |
| ১০ | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | <p>ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) প্রকাশ সংক্রান্ত নিম্নলিখিত বিষয়সমূহের কার্যক্রম গ্রহণ করা হয় মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান।</p> <p>ক) ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) সমাজের গুণিজন, বিশিষ্ট শিক্ষাবিদ, উৎপাদনশীলতার বিষয়ের সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পেশাজীবি ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণের নিকট হতে লেখা আহবান করা হয়েছে।</p> <p>খ) এনপিও বার্তার মান উন্নয়নে মন্ত্রণালয় কর্তৃক ০৮(আট) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। তিনি আরো জানান যে, এনপিও বার্তা'র ৮ম সংখ্যা মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে।</p> <p>ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তার (এনপিও বার্তা) প্রকাশিত সংখ্যাসমূহ বিতরণের ব্যবস্থা করা ও বিতরণের তালিকা এবং কোন কোন প্রতিষ্ঠানে প্রেরণ করা হয় সে বিষয়ে সভায় আলোচনা হয়। পরিচালক, এনপিও জানান যে, এ যাবৎ প্রকাশিত এনপিও বার্তা বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানও বিভিন্ন ট্রেডবডি এবং ব্যবসায়িক সংগঠনসহ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার নিকট প্রেরণ করা হয়।</p> <p>সভাপতি এনপিও'র বার্তার মান উন্নয়নে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত কমিটিকে সঠিকভাবে বিচার-বিশ্লেষণ করে নিয়মিত এনপিও বার্তা প্রকাশ এবং বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।</p> | ষাণ্মাসিক এনপিও'র বার্তার মান উন্নয়নে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত কমিটি সঠিকভাবে বিচার-বিশ্লেষণ করে নিয়মিত এনপিও বার্তা প্রকাশ এবং বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, এনপিও |
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | <p>সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর গবেষণার বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।</p> <p>ক) এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা :“Effectiveness of Productivity Improvement Training Program of NPO” শীর্ষক গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য শিল্প মন্ত্রণালয় একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনপূর্বক চূড়ান্ত গবেষণা প্রতিবেদনটি গত ২৪ জুন, ২০২১ তারিখে পুনরায় উপস্থাপন করা হয়।</p> <p>খ) চামড়া শিল্পের উপর গবেষণা: “Bangladesh Leather Sector-Condition, Challenges and strategies” শীর্ষক গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। চূড়ান্তকৃত গবেষণার প্রতিবেদনের বিভিন্ন স্টেকহোল্ডারগণের উপস্থিতিতে গত ১৬ জুন, ২০২১ তারিখে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।</p> <p>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর গৃহীত গবেষণা ২টির সার্বিক কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে শেষ করে নতুন গবেষণা কার্যক্রম গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।</p> | গবেষণাসমূহের প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | <p>ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়</p> <p>খ) চেয়ারম্যান বিসিক</p> <p>গ) পরিচালক এনপিও</p> |

বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে
Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়ন

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর তত্ত্বাবধানে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়নের তথ্যাদির বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।

Material Flow Cost Accounting (MFCA) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ০৩টি প্রতিষ্ঠান (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গল সুগার মিল) এ MFCA বাস্তবায়নের লক্ষ্যে এপিও কর্তৃক Mr. Wichai Chattinnawat কে নিয়োগ করা হয়েছিল।

১ম ধাপঃ গত ২৬ জানুয়ারি, ২০২০ হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাস্তবায়ন করা হয়।

২য় ধাপঃ কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকির কারণে গত ১৩-১৪ সেপ্টেম্বর, ২০২০ ইং সংশ্লিষ্ট বিশেষজ্ঞের মাধ্যমে ২য় ধাপ অনলাইনে সম্পন্ন হয়েছে।

৩য় ধাপঃ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি প্রতিষ্ঠান (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গল সুগার মিল) এ অনলাইন সভা প্ল্যাটফরমে MFCA ৩য় ধাপ বাস্তবায়ন হয়েছে।

৪র্থ ধাপঃ এ অনলাইন সভা প্ল্যাটফরমে MFCA চতুর্থ ধাপের প্রস্তুতমূলক কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে।

সংশ্লিষ্ট বিষয়ে ফলোআপ মিটিং এপিও এবং ৩টি সংশ্লিষ্ট সুগার মিলের কর্মকর্তাদের সাথে চলতি মাসের শেষ সপ্তাহে অথবা জুলাই মাসের প্রথম সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। আলোচ্য কর্মসূচির বাকী ধাপসমূহ পর্যায়ক্রমে সম্পন্ন হবে।

এছাড়াও বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়ন করার লক্ষ্যে এনপিও হতে পত্র প্রেরণ করা হয়েছে। বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের MFCA বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।

সভাপতি এনপিও'র পরিচালকের নিকট জানতে চান যে, MFCA বিষয়টি প্রতিষ্ঠান পর্যায়ে সহজে কিভাবে বাস্তবায়ন করা যায়। এ প্রেক্ষিতে পরিচালক, এনপিও জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা কে এ বিষয়ে ধারণা প্রদানের জন্য বলেন। উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহাম্মদ আরিফুজ্জামান বলেন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি প্রতিষ্ঠান (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গল সুগার মিল) এ MFCA বাস্তবায়নের লক্ষ্যে এপিও কর্তৃক Mr. Wichai Chattinnawat কে নিয়োগ করা হয়েছিল। তিনি তিনটি ধাপে MFCA বাস্তবায়ন কার্যক্রম পরিচালনা করেন। তিনি BSFIC এর আওতাধীন ৩টি মিলে পণ্য উৎপাদন সংশ্লিষ্ট Material Cost, System Cost, Energy Cost ও Wastage Cost কিভাবে পরিমাপ করা হচ্ছে তা সভাকে অবহিত করেন।

বিএসইসি'র চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের MFCA বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও MFCA বাস্তবায়নের জন্য একটি ডাটাসীট তৈরি করা হয়েছে যা বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পণ্য উৎপাদন সংশ্লিষ্ট Material Cost, System Cost, Energy Cost, Wastage Cost পরিমাপ করার ক্ষেত্রে সুবিধা হবে মর্মে জানান।

সভাপতি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর আওতাধীন উল্লেখিত ০৩টি প্রতিষ্ঠানের পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের এ ব্যাপারে জ্ঞান অর্জন করার উপর গুরুত্বারোপ করেন। কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তীতে এপিও'র সাথে যোগাযোগ করে বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানে MFCA ধাপসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।

(ক) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন উক্ত ৩টি প্রতিষ্ঠানে MFCA পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(খ) বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA এর পাশাপাশি গবেষণা কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(ক) পরিচালক এনপিও

(খ) চেয়ারম্যান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন


(গ) চেয়ারম্যান বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন

| | | | | |
|----|--|--|--|---|
| ১৩ | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | <p>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিবিএস হতে প্রয়োজনীয় তথ্যসম্বলিত Labor force survey প্রকাশের কার্যক্রম দ্রুততার সহিত সম্পন্ন করার অনুরোধ জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনপিও হতে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিবিএসকে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে বিবিএস এ বিষয়ে যথাযথ প্রকল্প গ্রহণ করেছে বলে শিল্প মন্ত্রণালয় ও এনপিওকে লিখিতভাবে জানিয়েছেন।</p> <p>সভাপতি এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার উপর পরামর্শ প্রদান করেন।</p> | এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বিবিএস এর সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক, এনপিও |
| ১৪ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রামাণ্যচিত্র সম্প্রচার | <p>উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বাংলাদেশ টেলিভিশন (বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড) এ নিয়মিত অনুষ্ঠানের পাশাপাশি সম্প্রচারের জন্য মহা-পরিচালক, বিটিভি কে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত আছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান।</p> <p>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিচালনা) জানান যে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং দক্ষ মানব সম্পদ তৈরি করার ক্ষেত্রে অত্যন্ত বিচক্ষণের পরিচয় দিয়ে আসছে। কিন্তু সঠিকভাবে Awareness না থাকায় এর সফল পাওয়া যাচ্ছে না। যেকোন কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন করতে হলে Awareness তৈরি করা একান্ত প্রয়োজন।</p> <p>শুধুমাত্র বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড এর উপর নির্ভর না করে প্রাইভেট চ্যানেল, ফেইসবুক ও অন্যান্য সামাজিক যোগাযোগের মাধ্যমে এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করলে আরো বেশি ফলপ্রসূ হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।</p> <p>সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডে সম্প্রচারের জন্য মহাপরিচালক, বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন এবং পাশাপাশি অন্যান্য চ্যানেলে প্রচারের বিষয়ে উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন।</p> | এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডে নিয়মিত সম্প্রচারের জন্য মহাপরিচালক, বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, এনপিও |
| ১৫ | কোভিড-১৯ (করোনা) পরিস্থিতি পরবর্তী শিল্প সেক্টরের ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম | <p>কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তী ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এবং পরিচালক, এনপিও'র উপস্থিতিতে গত ০৬/০৬/২০২১ তারিখে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।</p> <p>বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) কর্তৃক মনোনীত টিম এবং এনপিও হতে মনোনীত টিম যৌথভাবে গবেষণা প্রস্তাব ও গবেষণা ক্ষেত্র এবং বাজেট প্রণয়নের কাজ চলমান রয়েছে মর্মে পরিচালক, এনপিও সভাকে অবহিত করেন।</p> <p>ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর পরিচালক জনাব রাশেদুল করিম মুন্না বলেন, উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা পরিচালনা করার পাশাপাশি বিভিন্ন সেক্টর ও ইনফরমাল সেক্টর, পাট ও পাটজাত দ্রব্যের বহুমুখী ব্যবহার এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশী পণ্যের চাহিদা বিষয়ক গবেষণা পরিচালনা করা সময়ের দাবী। তিনি বিশেষত: পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার বিষয়ক ডিসিসিআই এর গবেষণা বিভাগকে এনপিও'র গবেষণা টিমের সাথে অন্তর্ভুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেন।</p> <p>বিডব্লিউসিসিআই এর পরিচালক মিজ শামীমা জাফরিন বলেন, প্লাস্টিক শিল্প বাংলাদেশের অর্থনীতিতে যে হারে অবদান রেখেছে তার থেকেও বেশী পরিবেশের ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত প্লাস্টিক বর্জ্য পুনঃব্যবহার করে পরিবেশকে রক্ষা করার যে উদ্যোগ গ্রহণ করেছে তার সাথে এনপিও'র গবেষণাগার যোগাযোগ করে গবেষণা পরিচালনা করার উপর অভিমত ব্যক্ত করেন।</p> | এসএমই ফাইন্ডেশন, ডিসিসিআই, এফবিসিসিআই এর গবেষণা ইউনিটের সমন্বয়ে কোভিড-১৯ (করোনা) পরিস্থিতি পরবর্তী শিল্প সেক্টরসহ এসএমই খাতের ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম আগামী ২০২১-২২ অর্থ বছরে পরিচালনা করতে হবে। | (ক) মহাপরিচালক বিআইএম (খ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন (গ) এনপিও পরিচালক |

| | | | |
|--|--|---|-----------------------|
| | <p>বাংলাদেশ পাটকল কর্পোরেশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের উৎপাদন প্রক্রিয়া বিগত একবছর ধরে সম্পূর্ণরূপে বন্ধ আছে এবং সরকারের সিদ্ধান্ত মোতাবেক বন্ধ প্রতিষ্ঠানসমূহের নিয়োজিত জনবল, যন্ত্রপাতিসহ বেসরকারি খাতে ছেড়ে দেওয়া হয়েছে মর্মে বিজিএম এর পরিচালক জনাব গোলাম কবির জানান। তিনি বিজিএমসি'র আওতাধীন প্রতিষ্ঠানসমূহ এবং পাট শিল্পের উপর কোন গবেষণা পরিচালনা করা হয়েছে কিনা এনপিও'র নিকট জানতে চান। এ প্রেক্ষিতে এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব নজরুল ইসলাম বলেন, এনপিও প্রতি বছর সেক্টর ভিত্তিক প্রতিষ্ঠান পর্যায়ে উৎপাদনশীলতার হ্রাস-বৃদ্ধি বিষয়ক গবেষণা প্রতিবেদন প্রস্তুত করে থাকে। এ ধরনের প্রতিবেদনে সুপারিশসমূহ বাস্তবায়নে স্ব স্ব প্রতিষ্ঠান কার্যক্রম গ্রহণ করেন থাকে মর্মে সভাকে অবহিত করেন।</p> <p>এনপিও ও বিআইএম এবং অন্যান্য আগ্রহী ট্রেডবডির গবেষণা বিভাগের প্রতিনিধিদের সমন্বয়ে কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তী কোন কোন সেক্টরে কি কি ক্ষতি এবং সুযোগ সৃষ্টি হয়েছে সে বিষয়ে আলোকপাত করে গবেষণা কার্যক্রম গ্রহণ করার উপর শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভায় মতামত প্রদান করেন।</p> <p>সভাপতি বলেন, এনপিও যেহেতু গবেষণাধর্মী প্রতিষ্ঠান তাই শুধুমাত্র অনলাইন প্ল্যাটফর্ম Zoom এর মাধ্যমে ট্রেনিং, কর্মশালা, আলোচনা সভা আয়োজন করলে হবে না। তিনি কোভিড-১৯ করোনা ভাইরাস পরবর্তী শিল্প বা অন্যান্য সেক্টরের ক্ষতি ও সুযোগ পর্যালোচনা করে পরামর্শ প্রদানের জন্য আরোও গবেষণাধর্মী কার্যক্রম গ্রহণ করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন।</p> <p>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক পরিচালিত গবেষণার পাশাপাশি পাট ও পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার, প্লাস্টিক শিল্পের পুনঃব্যবহার এবং নতুন নতুন গবেষণার ক্ষেত্র অনুসন্ধান করে যাবতীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন।</p> <p>সভাপতি এনপিও ও বিআইএম, এসএমই ফাইভেশন, ডিসিসিআই, এফবিসিসিআই এর গবেষণা বিভাগের সমন্বয়ে কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তী শিল্প সেক্টরসহ এসএমই খাতের ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এনপিও'র পরিচালককে নির্দেশনা প্রদান করেন।</p> | | |
| <p>১৬ ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ সংশোধন</p> | <p>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধনের কার্যক্রম চলছে।</p> <p>এনপিও'র পরিচালক জানান, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধনের কার্যক্রম চলছে। ইতোমধ্যে এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তাগণ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে ০১টি খসড়া নীতিমালা প্রণয়ন করেছে যা অতিশীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে তিনি সভাকে জানান।</p> <p>নাসিবের সভাপতি জনাব মির্জা নুসুল গণি শোভন, সিআইপি বলেন, প্রোডাকটিভিটি শুধু সরকারি প্রতিষ্ঠানই নয়, বেসরকারি প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড বিতরণ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।</p> <p>তিনি এ সভার মাধ্যমে অ্যাওয়ার্ডের তথাকথিত সুযোগ-সুবিধার পাশাপাশি সিআইপি'র আদলে অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করার জন্য মন্ত্রিপরিষদের অনুমোদন নেওয়ার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ এর পরিবর্তন ও পরিমার্জন করে চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।</p> | <p>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ এর পরিবর্তন ও পরিমার্জনের উদ্যোগ দ্রুত গ্রহণ করতে হবে।</p> | <p>এনপিও, পরিচালক</p> |

| | | | | |
|----|--|---|---|--|
| ১৭ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেনার পুল | <p>এনপিও'র পরিচালক জানান, এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত সেমিনার, কর্মশালা, আলোচনা সভা ও প্রশিক্ষণের অংশগ্রহণকারী রিসোর্স পারসনদের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেনার পুল গঠনের জন্য এনপিও কর্তৃক ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।</p> <p>সভাপতি এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত সেমিনার, কর্মশালা, আলোচনা সভা ও প্রশিক্ষণের অংশগ্রহণকারী রিসোর্স পারসনদের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেনার পুল গঠন করার উদ্যোগ নেওয়ার জন্য সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী, বিভিন্ন কনসালটেন্টসি সেবা প্রদানকারী কর্মকর্তা, গুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের কর্মকর্তা এনপিও'র অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেনার পুলে অন্তর্ভুক্ত করার জন্য এনপিও কর্তৃক গঠিত কমিটিকে পরামর্শ প্রদান করেন।</p> | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেনার পুল গঠনের নীতিমালা আগামী ৩১ জুলাইয়ের মধ্যে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, এনপিও |
| ১৮ | এনপিসি এবং এনপিইসি সদস্যদের সম্মানি প্রদান | <p>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, শিল্প মন্ত্রণালয়ের পত্র নং ৩৬.০০.০০০০.০৫২.২০.০০৪.২১.৮৯, গত ২১ জুন ২০২১ তারিখের মাধ্যমে আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ অনুযায়ী জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) এবং জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি) কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে সম্মানি বাবদ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক প্রণীত ব্যয় বিভাজনের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে এবং ২০২০-২১ অর্থ বছরের বিল দাখিল করার সময় শেষ হওয়ায় এ সভায় সম্মানি প্রদান করা সম্ভব হয়নি।</p> <p>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) এবং এনপিইসি সকল সদস্যদের সম্মানি প্রদানের কার্যক্রম গ্রহণ করায় সন্তোষ প্রকাশ করেন।</p> | এনপিসি এবং এনপিইসির পরবর্তী সভাসমূহে উপস্থিত সদস্যগণকে সম্মানি প্রদানের ব্যবস্থা করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয় খ) পরিচালক এনপিও |
| ১৯ | উৎপাদনশীলতা বিষয়ক আইন | <p>উৎপাদনশীলতা আদোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া প্রণয়ন করার লক্ষ্যে এনপিও কর্তৃক ০৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।</p> <p>সভাপতি বলেন, শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয়ভাবে উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং দক্ষ মানব সম্পদ তৈরি করার ক্ষেত্রে অবদান রেখে আসছে বিধায় বিদ্যমান সময়ে উৎপাদনশীলতা বিষয়ক আইন করার পদক্ষেপটি সমন্বয়যোগ্য। তিনি এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া তৈরি করে দ্রুত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।</p> | এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া তৈরি করে আগামী ৩১ জুলাই এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং তা চূড়ান্তকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জাকিয়া পুলতানা)

সচিব, শিল্প মন্ত্রণালয়

ও

সভাপতি

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)